জাতিসংঘে সভাপতিত্বের জন্য বাংলাদেশের প্রার্থিতা অটুট: পররাষ্ট্র উপদেষ্টা



সংগৃহীত ছবি

জাতিসংঘের ৮১তম সাধারণ অধিবেশনে বাংলাদেশের সভাপতিত্বের প্রার্থিতা বহাল রয়েছে বলে জানিয়েছেন পররাষ্ট্র উপদেষ্টা মোহাম্মদ তৌহিদ হোসেন। তিনি জানান, ফিলিস্তিনের সঙ্গে বাংলাদেশের কোনো সরাসরি প্রতিদ্বন্দ্বিতা নেই।

মঙ্গলবার (১৬ সেপ্টেম্বর) বিকেলে পররাষ্ট্র মন্ত্রণালয়ের ব্রিফিংয়ে মোহাম্মদ তৌহিদ হোসেন বলেন, চার বছর আগে বাংলাদেশ প্রতিদ্বন্দ্বিতার ঘোষণা দিয়েছিল। সাইপ্রাস তখন মূল প্রতিদ্বন্দ্বী ছিল, আর ফিলিস্তিন অনেক পরে নির্বাচনে অংশ নেওয়ার সিদ্ধান্ত নিয়েছে। ফলে কোনো মুখোমুখি পরিস্থিতি সৃষ্টি হয়নি।

উপদেষ্টা আরও জানান, সম্প্রতি কাতারে ইসরায়েলের হামলার নিন্দা জানানো হয়েছে। শান্তি প্রতিষ্ঠার চেষ্টা ব্যাহত করা এবং আলোচকদের লক্ষ্য করে হামলা চালানো নিন্দনীয়। সোমবার দোহায় অনুষ্ঠিত আরব-ইসলামিক দেশগুলোর জরুরি বৈঠক থেকে কাতারের প্রতি সংহতি প্রকাশ করা হয়েছে।

LENS ASIA